কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
নির্বাহী পরিচালকের কার্যালয়
খামারবাড়ি, ঢাকা।
www.cdb.gov.bd

স্মারক নং-১২.০৭.০০০০.১০৮.০৫.০০৬.১৫- ৮৫০

তারিখঃ ২৫ -০৬-২০১৮ ইং

## তুলা উন্নয়ন বোর্ডের উৎপাদিত আঁশতুলা বিক্রয়ের জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা আগ্রহী টেক্সটাইল মিল্‌স/জিনিং প্রতিষ্ঠান/তুলা আমদানীকারক/ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তুলা উন্নয়ন বোর্ডের অধীনস্থ নিম্নলিখিত ১৩টি জিনিং কেন্দ্রের গুদামে মজুদ ২০১৭-১৮ মৌসুমের উৎপাদিত সম্ভাব্য ২,৭৩,০৪০.০০ পাউন্ড বা ১,২৩,৮৫১.৮৪ কেজি টেক্সটাইল মিলে ব্যবহার উপযোগী আমেরিকান জাতের আঁশতুলা এবং ১৭,৭৫১.০৩ পাউন্ড বা ৮,০৫১.৭৫ কেজি পাহাড়ী জাতের আঁশতুলা মজুদ রয়েছে। উক্ত আঁশতুলা বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী ক্রেতাদের নিকট থেকে কতিপয় শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন পত্র নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ ঠিকানায় প্রতিষ্ঠান/সংস্থার নিজস্ব প্যাডে দাখিল করতে হবে।

### সরকার কর্তৃক নির্ধারিত আঁশতুলার মূল্য

| ক্র. নং | বেলিং/নন-বেলিং | আমেরিকান জাতের আঁশতুলা | | পাহাড়ী জাতের আঁশতুলা | |
|---|---|---|---|---|---|
| | | পরিমান | মূল্য | পরিমান | মূল্য |
| ১. | বেলিং (প্রতি বেল ১৪০ কেজি) | আঁশতুলার মূল্য (প্রতি পাউন্ড) | ৫৯.১৫ টাকা | আঁশতুলার মূল্য (প্রতি কেজি) | - |
| | | ভ্যাট (৪%) | ২.৬০ টাকা | ভ্যাট (৪%) | |
| | | উৎসে কর (৫%) | ৩.২৫ টাকা | উৎসে কর (৫%) | - |
| | | মোট (ভ্যাট ও উৎসে কর সহ) | ৬৫.০০ টাকা | মোট (ভ্যাটসহ) | - |
| ২. | নন-বেলিং | আঁশতুলার মূল্য (প্রতি পাউন্ড) | ৫৮.২৪ টাকা | আঁশতুলার মূল্য (প্রতি কেজি) | ১৫৯.২৫টাকা |
| | | ভ্যাট (৪%) | ২.৫৬ টাকা | ভ্যাট (৪%) | ৭.০০ টাকা |
| | | উৎসে কর (৫%) | ৩.২০ টাকা | উৎসে কর (৫%) | ৮.৭৫ টাকা |
| | | মোট (ভ্যাট ও উৎসে কর সহ) | ৬৪.০০ টাকা | মোট (ভ্যাট ও উৎসে কর সহ) | ১৭৫.০০ টাকা |

### কেন্দ্র ভিত্তিক মজুদ আঁশতুলার সম্ভাব্য পরিমাণ

| ক্র. নং | কেন্দ্রের নাম | আমেরিকান জাতের আঁশতুলার সম্ভাব্য পরিমাণ | | | পাহাড়ী জাতের আঁশতুলার সম্ভাব্য পরিমাণ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | পাউন্ড | কেজি | বেলিং/ নন-বেলিং | পাউন্ড | কেজি | বেলিং/ নন-বেলিং |
| ১. | তুলা গবেষণা কেন্দ্র, শ্রীপুর, গাজীপুর | ৪৭,৫০০.০০ | ২১,৫৪৫.৫৬ | বেলিংকৃত | - | - | - |
| ২. | তুলা গবেষণা কেন্দ্র, সদরপুর, দিনাজপুর | ৫৪,৪০০.০০ | ২৪,৬৭৫.৪৫ | বেলিংকৃত | - | - | - |
| ৩. | পীরগঞ্জ জিনিং কেন্দ্র, পীরগঞ্জ, রংপুর | ১৩,০০০.০০ | ৫,৮৯৬.৭০ | বেলিংকৃত | - | - | - |
| ৪. | তুলা গবেষণা কেন্দ্র, মাহিগঞ্জ, রংপুর | ১১,৫০০.০০ | ৫,২১৬.৩১ | বেলিংকৃত | | | |
| ৫. | শেরপুর জিনিং কেন্দ্র, শেরপুর, বগুড়া | ১২,০০০.০০ | ৫,৪৪৩.১১ | বেলিংকৃত | - | - | - |
| ৬. | মেহেরপুর জিনিং কেন্দ্র, মেহেরপুর | ২৫,৪০০.০০ | ১১,৫২৪.২৫ | বেলিংকৃত | - | - | - |
| ৭. | ঝিকরগাছা জিনিং কেন্দ্র, যশোর | ২৪,৫০০.০০ | ১১,১১৩.০২ | বেলিংকৃত | - | - | - |
| ৮. | তুলা গবেষণা কেন্দ্র, জগদীশপুর, যশোর | ৪৬,০০০.০০ | ২০,৮৬৫.২৭ | বেলিংকৃত | - | - | - |
| ৯. | বাগাতিপাড়া জিনিং কেন্দ্র, বাগাতিপাড়া, নাটোর | ৯,২০০.০০ | ৪,১৭৩.০৫ | নন-বেলিংকৃত | - | - | - |
| ১০. | বালাঘাটা ফার্ম, বান্দরবান | ১,১০০.০০ | ৪৯৮.৯৫ | নন-বেলিংকৃত | - | - | |
| ১১. | রেইছা জিনিং কেন্দ্র, রেইছা, বান্দরবান | ৭,৪৪০.০০ | ৩,৩৭৪.৭৩ | নন-বেলিংকৃত | ৮,৮৪২.১৭ | ৪,০১০.৭৫ | নন-বেলিংকৃত |
| ১২. | কাউখালী জিনিং কেন্দ্র, কাউখালী, রাঙ্গামাটি | ৬,৭৬০.০০ | ৩,০৬৬.২৮ | নন-বেলিংকৃত | ৪,৪৩৩.৪৯ | ২,০১১.০০ | নন-বেলিংকৃত |
| ১৩. | মাটিরাঙ্গা জিনিং কেন্দ্র, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি | ১৪,২৪০.০০ | ৬,৪৫৯.১৬ | নন-বেলিংকৃত | ৪,৪৭৫.৩৭ | ২,০৩০.০০ | নন-বেলিংকৃত |
| সর্বমোট | | ২,৭৩,০৪০.০০ | ১,২৩,৮৫১.৮৪ | - | ১৭,৭৫১.০৩ | ৮,০৫১.৭৫ | - |

এ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রথম প্রকাশের দিন থেকে পরবর্তী ৭ (সাত) কর্মদিবস পর্যন্ত আঁশতুলা বরাদ্দের আবেদনপত্র গ্রহণ করা হবে। আবেদনকারীর সংখ্যা অধিক হলে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে আঁশতুলা বরাদ্দ করা হবে। আবেদনকারী যে পরিমাণ আঁশতুলা ক্রয় করতে ইচ্ছুক তার মোট মূল্যের ৫% অর্থ অগ্রিম হিসেবে নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, ঢাকা এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় আবেদন পত্র বিবেচনা করা হবে না। আঁশতুলা বরাদ্দের অন্যান্য শর্তাবলী নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা এর কার্যালয়ের মার্কেটিং ও জিনিং শাখা হতে বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ৭ (সাত) কর্মদিবস পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

২৫.০৬.১৮

(ড. মোঃ ফরিদ উদ্দিন)
নির্বাহী পরিচালক
ফোনঃ ৮১১৭৭২৮
E-mail: ed@cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
নির্বাহী পরিচালকের কার্যালয়
খামারবাড়ি, ঢাকা।
http://cdb.gov.bd/

স্মারক নং-১২.০৭.০০০০.১০৮.০৫.০০৬.১৬-৮৫২ তারিখঃ ২৫-০৬-২০১৮ ইং

বিষয় ঃ **তুলা উন্নয়ন বোর্ডের উৎপাদিত আঁশতুলা বিক্রয়/বরাদ্দ প্রাপ্তির শর্তাবলী।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত স্মারক অনুযায়ী ২০১৭-১৮ মৌসুমে তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক উৎপাদিত/জিনিংকৃত এবং ১৩ টি জিনিং কেন্দ্রে মজুদ সম্ভাব্য মোট ১,২৩,৮৫১.৮৪ কেজি অর্থাৎ ২,৭৩,০৪০.০০ পাউন্ড সমভুমির আঁশতুলা এবং ৮,০৫১.৭৫ কেজি বা ১৭,৭৫১.০৩ পাউন্ড পাহাড়ী জাতের আঁশতুলা বিক্রয়ের বিজ্ঞপ্তি প্রকাশের জন্য দৈনিক সংবাদ পত্রিকায় প্রেরণ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখিত আঁশতুলা বিক্রয়/বরাদ্দ প্রাপ্তির নির্ধারিত শর্তাবলী নিম্নরূপঃ

১। পত্রিকায় বিজ্ঞপ্তি প্রথম প্রকাশের দিন থেকে পরবর্তী ৭ কর্মদিবস পর্যন্ত আঁশতুলা ক্রয় করতে আগ্রহী ক্রেতাদের নিকট হতে আবেদনপত্র অফিস চলকালীন সময়ে গ্রহণ করা হবে। সংস্থার নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। যে সকল কেন্দ্র হতে আঁশতুলা ক্রয়ের জন্য আগ্রহী সে সকল কেন্দ্রর নাম ও প্রস্তাবিত আঁশতুলা ক্রয়ের পরিমান আবেদন পত্রে উল্লেখ করতে হবে।

২। আবেদনকারী যে পরিমাণ আঁশতুলা ক্রয় করতে ইচ্ছুক তার মোট মূল্যের ৫% অর্থ অগ্রীম হিসেবে নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় আবেদন পত্র বিবেচনা করা হবে না। অগ্রীম জমাকৃত অর্থ পরবর্তীতে বরাদ্দকৃত আঁশতুলার মূল্যের সাথে সমন্বয় করা হবে। তবে কেউ যদি আঁশতুলার বরাদ্দ না পান তবে আবেদন পত্রের সাথে প্রদত্ত অগ্রীম অর্থ ফেরৎ দেয়া হবে।

৩। আঁশতুলা ক্রয় করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে আবেদন পত্র প্রাপ্তির পর তুলা মজুদ থাকা সাপেক্ষে অগ্রাধিকার বিবেচনা করে এবং আগে আসলে আগে পাবেন ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নামে আঁশতুলা বরাদ্দ পত্র জারী করা হবে।

৪। বরাদ্দকৃত আঁশতুলার মূল্যের কমপক্ষে ৫০% টাকা বরাদ্দ পত্র জারীর ১৫(পনের) কর্মদিবসের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় বরাদ্দ পত্র বাতিল বলে গণ্য হবে এবং অগ্রীম প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত করা হবে। বরাদ্দ পত্র জারীর ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে আঁশতুলার সমুদয় মূল্য জমা দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র থেকে নিজ দায়িত্বে ও নিজ খরচে আঁশতুলা সরবরাহ নিতে হবে। আঁশতুলার মূল্য জমা দেয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আঁশতুলার সরবরাহ না নিলে তুলা উন্নয়ন বোর্ড কোন দায়-দায়িত্ব গ্রহণ করবে না।

৫। যদি কোন আবেদনকারী বরাদ্দকৃত আঁশতুলার সমুদয় মূল্য নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হন তবে অগ্রীম জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৬। যে কেন্দ্র হতে যে পরিমাণ আঁশতুলা ক্রয়ের জন্য আবেদনকারী আবেদন করবেন, সংশ্লিষ্ট কেন্দ্রে সে পরিমাণ আঁশতুলা মজুদ না থাকলে অন্য যে কোন কেন্দ্র থেকে আঁশতুলা সরবরাহ নিতে আবেদনকারী বাধ্য থাকবেন। তবে অন্যান্য কেন্দ্রে পর্যাপ্ত পরিমাণ আঁশতুলা মজুদ না থাকলে কর্তৃপক্ষ আবেদনকারীর চাহিদার চেয়ে কম তুলা বরাদ্দ করতে পারবেন।

৭। এ বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে আঁশতুলা ক্রয়ের আবেদন পত্র দাখিলের মধ্যবর্তী সময়ে আঁশতুলার বাজার দর নির্ধারিত দরের চেয়ে বেশি হলে কর্তৃপক্ষ আঁশতুলার দর বৃদ্ধি করতে অথবা বিক্রয় স্থগিত রাখতে পারবেন।

৮। আঁশতুলা ক্রয় করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান আবেদন পত্র দাখিলের পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রে মজুদ আঁশতুলার মান সরেজমিনে যাচাই করতে পারবেন। পরবর্তীতে আঁশতুলার মান সম্পর্কে কোন অভিযোগ/আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯। আঁশতুলা বরাদ্দ/বিক্রয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে ১৩টি আলাদা আলাদা কেন্দ্রে আঁশতুলা এক বা একাধিক ক্রেতাকে দেয়ার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

২৫.০৬.১৮
(ড. মোঃ ফরিদ উদ্দিন)
নির্বাহী পরিচালক
ফোন ঃ ০২-৯১৩৪৭৭৮
E-mail: ed@cdb.gov.bd

বিতরণ ঃ

১। ..........................................................................
..........................................................................

C:\Users\Dell\Desktop\Terms & Conditions.doc